# গাজাগামী ফ্লোটিলা আটক: বাংলাদেশের কঠোর নিন্দা ও মুক্তির দাবি




সংগৃহীত ছবি

ইসরায়েলি বাহিনী কর্তৃক গাজায় মানবিক সহায়তা বহনকারী গ্লোবাল সুমুদ ফ্লোটিলা আটককে আন্তর্জাতিক আইনের ঘোর লঙ্ঘন বলে আখ্যা দিয়েছে বাংলাদেশ। সরকার অবিলম্বে আটক মানবাধিকারকর্মীদের মুক্তি, গাজায় মানবিক প্রবেশাধিকার নিশ্চিতকরণ এবং দখলদারিত্বের অবসান দাবি জানিয়েছে।

গাজায় মানবিক সহায়তা পৌঁছে দিতে যাওয়া গ্লোবাল সুমুদ ফ্লোটিলা আন্তর্জাতিক জলসীমায় ইসরায়েলি দখলদার বাহিনী কর্তৃক আটক হওয়ার ঘটনায় বাংলাদেশ গভীর নিন্দা জানিয়েছে। শুক্রবার (৩ অক্টোবর) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ নিন্দা জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, মানবিক সহায়তা বহনকারী ফ্লোটিলাকে আটকের ঘটনা আন্তর্জাতিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন এবং যুদ্ধাস্ত্র হিসেবে ক্ষুধাকে ব্যবহারের জঘন্য উদাহরণ। বাংলাদেশ অবিলম্বে সব আটক মানবাধিকার ও শান্তিকামী কর্মীদের নিঃশর্ত মুক্তি এবং তাদের নিরাপত্তা ও সুস্থতা নিশ্চিত করার আহ্বান জানিয়েছে।

একই সঙ্গে বাংলাদেশ সরকার ইসরায়েলকে গাজা ও পশ্চিম তীর থেকে বেআইনি দখলদারিত্বের অবসান, আন্তর্জাতিক মানবাধিকার আইন মেনে চলা এবং চলমান গণহত্যা ও মানবিক অবরোধ বন্ধের আহ্বান জানায়।

বিবৃতিতে আরও বলা হয়, ফ্লোটিলা বিশ্ববাসীর পক্ষ থেকে ফিলিস্তিনি জনগণের প্রতি সংহতির প্রতীক। গাজায় সহায়তা পৌঁছাতে ইসরায়েলকে অবশ্যই নিরবচ্ছিন্ন প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে, যেখানে সাধারণ মানুষ দখলদার বাহিনীর কারণে এখনো জীবন, মর্যাদা ও জীবিকার মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছে।

বাংলাদেশ সরকার ও জনগণ ফিলিস্তিনি জনগণের ভয়াবহ দুর্দশা ও অব্যাহত কষ্টের এই সময়ে তাদের সঙ্গে অবিচল সংহতি প্রকাশ করেছে।